



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

পূর্বাচল নতুন শহর এলাকার প্লট বরাদ্দগ্রহীতাগণের জ্ঞাতার্থে পানি সরবরাহ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা পূর্বাচল নতুন শহর এলাকার সকল ধরনের প্লট বরাদ্দগ্রহীতাগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ একটি পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) প্রকল্পের আওতায় পূর্বাচল নতুন শহরে গুণগত মানসম্পন্ন পানি সরবরাহের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উক্ত পানি সরবরাহ প্রকল্পের প্রথম ধাপের আওতায় ইতোমধ্যে গ্রাহকদের আবেদনের প্রেক্ষিতে পূর্বাচল নতুন শহরের ০১, ০২, ০৩ ও ০৪ (আংশিক) নং সেক্টরে পানির সংযোগ প্রদান করা হচ্ছে। এছাড়া, দ্বিতীয় ধাপে পূর্বাচল নতুন শহরের ০৪, ০৫, ০৬ (আংশিক), ০৭, ০৮ (আংশিক), ০৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ (আংশিক), ১৬ (আংশিক), ১৮ (আংশিক) এবং ২০ (আংশিক) নং সেক্টরে আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ হতে পানির সংযোগ প্রদান করা হবে। পর্যায়ক্রমে অন্যান্য সেক্টরসমূহে পানি সরবরাহ নিশ্চিত করা হবে।


উপরোল্লিখিত সেক্টর সমূহের সকল আবাসিক, বাণিজ্যিক, প্রাতিষ্ঠানিক ও অন্যান্য প্লট বরাদ্দগ্রহীতাগণকে আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ হতে পানির সংযোগ গ্রহণ করার অনুরোধ করা হলো।

পানি সংযোগের আবেদনের জন্য যোগাযোগ

ফোন নং-০৯৬১০৯৭০০৯৭

ইমেইল-info@udwl-bd.com

ওয়েবসাইট- www.rajukpws.com


২২.০৬.২০২৬.

(শীলারত কর্মকার)

পরিচালক (বোর্ড, জনসংযোগ ও প্রটোকল)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

ফোনঃ ০২২২৩৩৫৮৬৬০

ই-মেইল- dirbpp@rajukdhaka.gov.bd